নাই যদি বা এলে তুমি   এড়িয়ে যাবে তাই ব'লে ?
অন্তরেতে নাই কি তুমি   সামনে আমার নাই ব'লে॥
    মন যে আছে তোমায় মিশে,   আমায় তবে ছাড়বে কিসে—
    প্রেম কি আমার হারায় দিশে   অভিমানে যাই ব'লে॥
বিরহ মোর হোক-না অকূল,   সেই বিরহের সরোবরে
মিলনকমল উঠছে দুলে   অশ্রুজলের ঢেউয়ের 'পরে।
    তবু তৃষায় মরে আঁখি,   তোমার লাগি চেয়ে থাকি—
    চোখের 'পরে পাব না কি   বুকের 'পরে পাই ব'লে॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Chhayanat
Visit www.geetabitan.com for notation and other detail